





# Islamic Relief Bangladesh

GIVING VOICE TO THE VOICELESS

## WHO WE ARE

Islamic Relief Worldwide is an independent humanitarian and development organisation. Founded in 1984, with headquarters based in Birmingham, UK, we have a presence in around 45 countries.

We support the world's most vulnerable people in the fight against poverty and suffering. We do this regardless of race, political affiliation, gender or belief, and without expecting anything in return. As a registered charity, we are open and transparent. We continually assess our work and how we operate to improve our impact and effectiveness.

Islamic Relief has been working in Bangladesh since 1991, when we provided emergency relief and supported communities to rebuild in the wake of a devastating cyclone. Since then, we have expanded our programmes to focus on both humanitarian and development challenges.

## OUR VISION

We envisage a caring world where communities are empowered, social obligations are fulfilled and people respond as one to the suffering of others.

## WHAT WE DO

Our innovative integrated approach sees us work closely with the vulnerable communities that we serve. They identify the problems and are part of the solutions. As a result, our programmes often encompass many interlinked areas.

These include Economic Empowerment and Governance, Child Rights and Protection, Water and Sanitation, Education, Food Security, Health and Nutrition, Community Development, Humanitarian Crisis Response, Disaster Risk Reduction, Climate Change Adaptation and Diversity and inclusion.

## OUR VALUES

- Sincerity (Ikhlas)
- Custodianship (Amana)
- Compassion (Rahma)
- Social Justice (Adl)
- Excellence (Ihsan)

## আমাদের পরিচিতি

ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড একটি আন্তর্জাতিক মানবিক উন্নয়ন সংস্থা। এটি ১৯৮৪ সালে যুক্তরাজ্যের বার্মিংহামে প্রতিষ্ঠিত হয় এবং বর্তমানে ৪৫টি দেশে এর কার্যক্রম রয়েছে।

আমরা বিশ্বের সবচেয়ে সুবিধাবঞ্চিত মানুষদের দারিদ্র ও কষ্ট লাঘবে সহযোগিতা করি। আমরা কোনরকম প্রতিদানের প্রত্যাশা না করে বর্ণ, রাজনৈতিক সংশ্লিষ্টতা, জেন্ডার ও বিশ্বাস এর উর্ধ্বে থেকে সবার জন্য সমভাবে কাজ করি। একটি নিবন্ধিত মানবিক সংস্থা হিসেবে আমরা নিরপেক্ষ এবং স্বচ্ছতার সাথে কাজ করি। আমরা নিয়মিতভাবে আমাদের কার্যক্রমের প্রভাব এবং কার্যকারিতা বিশ্লেষণ করি যাতে একে আরও ফলপ্রসূ করা যায়।

১৯৯১ সালের প্রলয়ংকরী ঘূর্ণিঝড় পরবর্তী জরুরি ত্রাণ এবং পূনর্বাসন সহযোগিতার মাধ্যমে ইসলামিক রিলিফ বাংলাদেশে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে মানবিক সহযোগিতার পাশাপাশি উন্নয়নমূলক কার্যক্রমও যুক্ত হয়।

## আমাদের লক্ষ্য

ইসলামিক রিলিফ বিশ্বব্যাপী এমন একটি মানবিক সমাজ দেখতে চায়, যেখানে সকল জনগোষ্ঠী হবে ক্ষমতাবান এবং তাদের প্রয়োজনীয় সমস্ত চাহিদা পূরণ হবে ও তারা একে অপরের কষ্ট লাঘব করার জন্য পারস্পরিক সহযোগিতা করবে।


## আমাদের কার্যক্রম

আমাদের সমন্বিত সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সাথে আমরা ওতপ্রোতভাবে কাজ করি। আমাদের কার্যক্রমে অংশগ্রহণকারীরা নিজেদের সমস্যা চিহ্নিত করার পাশাপাশি সমাধানেও ভূমিকা রাখে। ফলশ্রুতিতে আমাদের বিভিন্ন কার্যক্রম আন্ত:সম্পর্কিত।

আমাদের কার্যক্রমগুলোর মধ্যে রয়েছে অর্থনৈতিক ক্ষমতায়ন ও সুশাসন, শিশু অধিকার ও সুরক্ষা, পানি ও পয়ঃনিষ্কাশন, শিক্ষা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য ও পুষ্টি, সামাজিক উন্নয়ন, জরুরি মানবিক সাড়া প্রদান, দূর্যোগ ঝুঁকি নিরসন, জলবায়ু পরিবর্তন অভিযোজন, জনগোষ্ঠীর বৈচিত্র্যতা এবং অন্তর্ভূক্তিকরণ।

## আমাদের মূল্যবোধ

- আন্তরিকতা (ইখলাস)
- আমানতদারী (আমানা)
- সহানুভূতি (রাহ্‌মা)
- সামাজিক ন্যায্যতা (আদল)
- উৎকর্ষতা (ইহসান)




# Presence of Islamic Relief
## আমাদের কর্মপরিধি

## OUR GLOBAL PARTNERS | আমাদের উন্নয়ন সহযোগী

UNDP
OCHA
unicef
UN WOMEN
UNFPA
WFP

DEC
Department for International Development
HUMANITARIAN COALITION
Sida
START NETWORK
THE LUTHERAN WORLD FEDERATION
African Union

ageInternational
Global Affairs Canada | Affaires mondiales Canada
FORUMCIV

Organisation of Islamic Cooperation
CAFOD Just one world
FCA Finn Church Aid

## CHILD RIGHTS PROGRAMME

Islamic Relief works to protect children from all forms of violence, abuse and exploitation including child marriage and gender-based violence. Over the last three decades, we have developed a strong niche on working with the orphan children. We believe in strengthening families & communities and strongly advocate for developing community-based integrated care system instead of institutional one to protect the rights of the most vulnerable children.

Our integrated community-based approach, focusing on the rights of orphan children & their families, has internationally been recognised and been conferred with the BOND (British Overseas NGOs for Development) International Development Award 2019, UK. We advocate and uphold the rights of the children as enshrined in the United Nations Conventions on the Rights of the Child (UNCRC). We closely work with different arms of the government to protect the best interest of children.

Under Child Rights Programme, Islamic Relief formed child clubs across the country. All these clubs encourage members to expand their knowledge beyond text books. Child Clubs regularly organise various activities on the protection of children's rights, sanitation and hygiene issues.

## চাইল্ড রাইটস প্রোগ্রাম

ইসলামিক রিলিফ শিশুদের সবধরণের সহিংসতা, নির্যাতন এবং শোষন থেকে সুরক্ষার পাশাপাশি বাল্যবিবাহ ও জেন্ডারভিত্তিক সহিংসতা রোধে কাজ করে। গত তিন দশক ধরে এতিম শিশুদের জন্য কাজের অভিজ্ঞতা আমাদের অবস্থান সুদৃঢ় করে। আমরা নূন্যতম সুবিধাবঞ্চিত শিশু ও এতিম শিশুদের সুরক্ষার পাশাপাশি তাদের পরিবারকে স্বাবলম্বী ও সামাজিক অবস্থান নিশ্চিতকরণে বিশ্বাস করি এবং প্রাতিষ্ঠানিক এতিমখানার পরিবর্তে সমাজভিত্তিক সমন্বিত পদ্ধতি চালুকরণে ভূমিকা রাখি।

এতিম শিশু এবং তাদের পরিবারের সুরক্ষার উপর ভিত্তি করে আমাদের সমন্বিত সমাজভিত্তিক পদ্ধতি আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করে এবং ২০১৯ সালে ব্রিটিশ ওভারসিজ এনজিওস ফর ডেভেলপমেন্ট পুরস্কারে (BOND) ভূষিত হয়। আমরা শিশু সুরক্ষার ক্ষেত্রে জাতিসংঘ শিশু অধিকার সনদে (ইউএনসিআরসি) বর্ণিত অনুচ্ছেদসমূহ অনুসরন করি। আমরা শিশুদের সর্বোত্তম স্বার্থ রক্ষায় সরকারের বিভিন্ন বিভাগের সাথে কাজ করি।

ইসলামিক রিলিফের শিশু অধিকার কর্মসূচির আওতায় সারা বাংলাদেশে শিশুক্লাব গঠন করা হয়েছে। এসব ক্লাব সদস্যদের তাদের পাঠ্যপুস্তকের বাইরের জ্ঞান বৃদ্ধিতে উৎসাহ প্রদান করে। ক্লাবগুলো নিয়মিত শিশুদের সুরক্ষা, অধিকার, স্বাস্থ্য এবং পরিচ্ছন্নতা বিষয়ক কার্যক্রম পরিচালনা করে।



## ECONOMIC EMPOWERMENT AND GOVERNANCE PROGRAMME

Economic Empowerment and Governance Programme (EEGP) has committed to work in poverty stricken and most remote areas of Bangladesh by targeting devastating, disadvantage, minorities, marginalised and extreme poor households. Our integrated approach focuses on creating livelihoods opportunities, increasing income and building the assets of the most marginalised and extreme poor so that they live with dignity. We work at household and community level to identify the needs of vulnerable families and help them to build sustainable source of income. Our holistic approach develops leadership capacity of marginalised communities specially women through organising them in community based groups like Self-Help Group (SHG), Women Entrepreneur Group (WEG) and Rights and Economic Group (REG). We provide essential training to females for managing necessary group documentation, collecting savings, issuing loans to members and banking transactions.

We support female groups to facilitate weekly meetings, conduct awareness sessions, discuss various isues on social, health, hygiene, rights, potection and socio economic issues. Thus we support these groups to enable them continuing their activities, strengthening their financial capacity and maintaining their coordination and liaising with the local service providers. We provide cash support to the extreme poor and marginalised people for livelihoods means. We encourage community to follow interest-free loan facility based on Islamic principle. We leverage strong market linkages and value chain to drive more inclusive growth.

## ইকোনমিক এম্পাওয়ারম্যান্ট এন্ড গভার্নেন্স প্রোগ্রাম

ইসলামিক রিলিফ বাংলাদেশ পশ্চাৎপদ এবং প্রান্তিক দরিদ্র জনগোষ্ঠীর দূর্দশা লাঘবে অবহেলিত, সুবিধাবঞ্চিত, সংখ্যালঘু ও অতি দরিদ্র মানুষদের জন্য কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের সমন্বিত পদ্ধতি এমনভাবে কাজ করে, যাতে সবচেয়ে প্রান্তিক ও অতিদরিদ্র জনগোষ্ঠীর জীবিকায়নের সুযোগ তৈরী হয়, আয় এবং সম্পদ বৃদ্ধি পায় এবং তারা মর্যাদার সাথে জীবনযাপন করতে পারে। আমরা পরিবার ও সমাজের সমস্যা চিহ্নিত করি এবং তাদের টেকসই আয়ের উৎস নির্ধারণে সহায়তা করি। আমাদের সমন্বিত পদ্ধতি স্বাবলম্বী দল, নারী উদ্যোক্তা এবং অধিকার ও অর্থনৈতিক দল গঠনের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠী বিশেষত নারীদের নেতৃত্বের দক্ষতা উন্নয়নে সহায়তা করে। আমরা নারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করি, যাতে তারা দলের জন্য প্রয়োজনীয় নথিপত্র, সঞ্চয় সংগ্রহ এবং ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারে।

আমরা নারীদের সাপ্তাহিক সভা, সচেতনতামূলক বিভিন্ন বিষয় যেমন: সামাজিক সমস্যা, স্বাস্থ্য সুরক্ষা, সামাজিক অধিকার রক্ষা এবং আর্থ সামাজিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করি। ফলে স্বনির্ভর দলগুলো তাদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারে, নিজেদের অর্থনৈতিক অবস্থাকে সুদৃঢ় করে এবং স্থানীয় সেবা প্রদানকারী সংস্থাগুলোর সাথে স্বাধীনভাবে যোগাযোগ রক্ষা করতে পারে। আমরা হতদরিদ্র এবং প্রান্তিক মানুষের জীবিকায়নের জন্য আর্থিক সহায়তা প্রদান করি। ইসলামিক মূল্যবোধের আলোকে কর্জে হাসানা পদ্ধতিকে উৎসাহিত করি। আমরা উপকারভোগীদের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করার জন্য বাজারের সাথে সংযোগ স্থাপন এবং ভ্যালু চেইনের উপর গুরুত্ব দিই।



## HUMANITARIAN AND RESILIENCE PROGRAMME

Islamic Relief Bangladesh practices a comprehensive and integrated approach to address disaster and climate risks. We strive to build a prosperous and resilient Bangladesh in partnership with the government, academic institutions, civil societies, private sectors etc. We ensure sustainable impact through frequent transfer of knowledge to strategic partners particularly the local government and local implementation partners. We promote traditional and indigenous knowledge with a blend of scientific approach and provide practical, replicable and impact-oriented solutions to strengthen community resilience.

Besides, we support government and other service providers by developing their capacity to deliver safe water, improve hygiene and sanitation etc. We aim at reducing disaster risks and strengthening the resilience of populations. We ensure its prompt action during the time of humanitarian crisis through supporting the communities in building safe houses, creating provision of safe drinking water, and livelihood support in terms of cash or similar. We advocate for the essential role of safe water, improved hygiene and sanitation for greater human development. Moreover, our works with communities result into their capacitation, rise of awareness which eventually change their behavior and practices.

Islamic Relief Bangladesh has a very strong portfolio of the humanitarian programme. We continuously serve to save lives and protect people during and after emergencies.




## হিউম্যানিটেরিয়ান এন্ড রেজিলিয়েন্স প্রোগ্রাম

ইসলামিক রিলিফ দূর্যোগ এবং জলবায়ু ঝুঁকি মোকাবেলায় একটি সমন্বিত এবং সম্প্রসারিত পদ্ধতি অবলম্বন করে। আমরা সরকার, শিক্ষা প্রতিষ্ঠান, সুশীল সমাজ ও বেসরকারি সংস্থার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে একটি উন্নত এবং দূর্যোগ সহনশীল বাংলাদেশ গড়তে অবদান রাখি। স্থানীয় সরকার এবং সহযোগী সংস্থাসমূহের সাথে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে আমরা টেকসই উন্নয়ন নিশ্চিত করি। সহনশীল সমাজ প্রতিষ্ঠায় আমাদের প্রথাগত এবং স্থানীয় লব্ধজ্ঞানকে বৈজ্ঞানিক পদ্ধতির সংমিশ্রনে বাস্তবসম্মত, পূন:ব্যবহার উপযোগী এবং ফলপ্রসু সমাধানের জন্য আমরা কাজ করি।

পাশাপাশি নিরাপদ পানি, পরিচ্ছন্নতা এবং পয়ঃনিস্কাশনেও সরকারি- বেসরকারি সংস্থার সেবা প্রদানের দক্ষতা উন্নয়নে সহযোগিতা করি। আমাদের লক্ষ্য দুর্যোগ ঝুঁকি হ্রাস ও  মানুষকে দূর্যোগ সহনশীল করে তোলা। দূর্যোগকালে আমরা স্থানীয় জনগোষ্ঠীর জন্য তাৎক্ষনিকভাবে বিভিন্ন সেবা প্রদান করে থাকি যেমন: নিরাপদ গৃহনির্মাণ, সুপেয় পানির বন্দোবস্ত এবং নগদ অর্থ সহায়তার মাধ্যমে তাদের জীবিকায়নের ব্যবস্থা করা। আমরা মানবিক উন্নয়নের জন্য নিরাপদ পানি, উন্নত পয়ঃনিস্কাশন এবং স্যানিটেশনের উপর সবসময় গুরুত্ব দিয়ে থাকি। এছাড়া স্থানীয় জনগোষ্ঠীর সাথে কাজ করার ফলশ্রুতিতে তাদের সচেতনতা বৃদ্ধি পায়, ক্রমান্বয়ে তাদের অভ্যাস এবং আচরণে গুনগত পরিবর্তন আসে।

বাংলাদেশের মানবিক সহায়তা কর্মসূচিতে ইসলামিক রিলিফের একটি শক্তিশালী অবস্থান রয়েছে। জরুরি অবস্থায় এবং পরবর্তীতে জীবন রক্ষা ও মানুষের সুরক্ষার জন্য ইসলামিক রিলিফ ক্রমাগতভাবে সহায়তা প্রদান করে আসছে।

## HUMANITARIAN CRISIS RESPONSE PROGRAMME (FDMN)

Globally Islamic Relief ensures the rights, dignity and protection of refugees and Bangladesh is not an exception to this. We are delivering life -saving supports to the FDMNs living in Bangladesh. We have been implementing different projects focusing on WASH, shelter, disaster preparedness, distribution of food and non-food items etc.

We have ensured food security for more than 4,000 families in Bhashanchar till December 2021 which is still going on.

To keep the FDMNs warm and to protect from winter, suitable winter clothes including blankets, shawls for both male and female and hoodies for children were distributed for every family as well.

Islamic Relief has been responding to the basic needs of the FDMNs and host communities in Cox's Bazar as well. We are supporting to a large number of families with shelter, Non- food items and different WASH interventions.



## হিউমেনিটেরিয়ান ক্রাইসিস রেসপন্স প্রোগ্রাম (এফডিএমএন)

বিশ্বব্যাপী ইসলামিক রিলিফ শরণার্থীদের অধিকার, মর্যাদা ও সুরক্ষা নিশ্চিত করে এবং বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। আমরা বাংলাদেশে বসবাসরত বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের (এফডিএমএন) জীবন রক্ষাকারী সাহায্য প্রদান করছি। আমরা সুপেয় পানি, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পয়নিষ্কাশন, স্বাস্থ্য সুরক্ষা, আশ্রয়, দুর্যোগ প্রস্তুতি, খাদ্য ও প্রয়োজনী সামগ্রী বিতরণ ইত্যাদির উপর গুরুত্ব দিয়ে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছি।

আমরা ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত ভাসানচরে ৪,০০০-এর বেশি পরিবারের জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করেছি, যা চলমান।

বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের শীত নিবারনে প্রতিটি পরিবারের জন্য কম্বল, পুরুষ ও নারী উভয়ের জন্য শাল এবং শিশুদের জন্য হুডিসহ উপযুক্ত শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

ইসলামিক রিলিফ কক্সবাজারের এফডিএমএন এবং স্থানীয় জনগোষ্ঠীর মৌলিক চাহিদার প্রতিও গুরুত্ব দিয়ে বিপুল সংখ্যক পরিবারকে আশ্রয়, নিত্য প্রয়োজনীয় সামগ্রী এবং সুপেয় পানি, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পয়:নিষ্কাশন, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী দিয়ে সহায়তা করছি।

## SEASONAL PROGRAMME

During Ramadan Islamic Relief Bangladesh distribute food packs and Eid gifts to the most vulnerable people across the country including FDMNs. Every year Islamic Relief ensures the poorest families of Bangladesh get meat on Eid ul-Adha through its Qurbani programme. We provide Qurbani meat pack to FDMNs living in Bhashanchar and Cox's Bazar. We do Aqiqah Projects and provide Aqiqah meat directly to those in need. Distribution of winter clothes is also a part of Islamic Relief's seasonal project.




## সিজনাল প্রোগ্রাম

রমজানের সময় ইসলামিক রিলিফ বাংলাদেশ এফডিএমএনসহ সারা-দেশের সবচেয়ে দরিদ্র পরিবারে খাদ্য প্যাকেজ এবং ঈদ উপহার বিতরণ করে। প্রতি বছর ইসলামিক রিলিফ কুরবানি কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের সবচেয়ে দরিদ্র পরিবারগুলোকে ঈদুল আযহায় মাংস বিতরণ নিশ্চিত করে। আমরা ভাসানচর এবং কক্সবাজারে বসবাসকারী এফডিএমএন পরিবারের মাঝেও কুরবানির মাংসের প্যাকেট সরবরাহ করি। আমরা আকিকা প্রকল্পও বাস্তবায়ন করি এবং দরিদ্র পরিবারের মাঝে আকিকার মাংস বিতরণ করি। শীতবস্ত্র বিতরণও ইসলামিক রিলিফের সিজনাল প্রোগ্রামের একটি অংশ।

CHS CERTIFIED
IRW-2017-004
CHS ALLIANCE VERIFICATION SCHEME

## Islamic Relief Global Family




**Bangladesh Country Office**

**Islamic Relief Bangladesh**
House 10, Road 10, Block K
Baridhara, Dhaka 1212
Bangladesh
www.islamicrelief.org.bd

**Headquarters**

**Islamic Relief Worldwide**
19 Rea St South Digbeth
Birmingham, B5 6LB,
United Kingdom
www.islamic-relief.org

Email: info@islamicrelief-bd.org
Follow us: facebook.com/IRWBangladesh
Phone: +88 02 22223458